

## প্যাটনের সেফ ওয়াশ

■ স্টাফ রিপোর্টার : এবার কোভিড মোকাবেলায় কন্টাক্টলেস সেফ ওয়াশ স্টেশন নিয়ে এল প্যাটন। রেসিডেন্সিয়াল, কমার্শিয়াল, ইন্ডাস্ট্রি এবং হাসপাতাল ও যে কোনও পাবলিক স্পেসে পা দ্বারা চালিত এই কন্টাক্টলেস সেফ ওয়াশ স্টেশনটি ব্যবহার করা যাবে। পরীক্ষা-নিরীক্ষার পর কোম্পানি আপাতত দুটি মডেল বাজারে নিয়ে এসেছে। যার মধ্যে রয়েছে রেগুলার সিঙ্কল বেসিন ও আল্ট্রা সিঙ্কল বেসিন। রেগুলার সিঙ্কল বেসিনে ২০০ লিটারের ক্যাপাসিটি রয়েছে যাতে অন্তত ৩০০ বার হাত ধোওয়া যাবে। আল্ট্রা সিঙ্কল বেসিনের ধারণ ক্ষমতা ৫০০ লিটার। যাতে ৭৫০ বার হাত ধোয়ার কাজ করা যাবে। কোম্পানির প্রেসিডেন্ট (বিজনেস ডেভলপমেন্ট) প্রিয়ম বুধিয়া জানান, বর্তমান পরিস্থিতির কথা মাথায় রেখেই এমন প্রোডাক্টের কথা ভাবা হয়েছে।